# রাবি'র ঘটনায় ২ শতাধিক শি নেতাকর্মীর বিরুদ্ধে জননিরাপত্তা আইনে মামলা

**রাজশাহী ও রাবি প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংলগ্ন মেহেরচণ্ডি গ্রাম, রেলস্টেশন ও ক্যাম্পাসের দোকানপাটে হামলা, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনায় মোট চারটি মামলায় বিশ্ববিদ্যালয় ছাত্রশিবিরের সভাপতি হেলাল উদ্দিন ও সাধারণ সম্পাদক ফিরোজ খান নুনসহ সংগঠনের দুই শতাধিক নেতা-কর্মীকে আসামি করা হয়েছে। সব মামলা হয়েছে জননিরাপত্তা আইনে। রোববার রাত ও সোমবার এসব মামলা রেকর্ড হয়েছে। তাদের বিরুদ্ধে মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে হামলা, ত্রাস সৃষ্টি, জখম করা, লুটপাট ও সম্পদ ধ্বংসের অভিযোগ আনা হয়েছে। মামলাসমূহের মধ্যে তিনটিই হয়েছে মতিহার থানায়। মামলার মধ্যে বিশ্ববিদ্যালয় রেলস্টেশন বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি জাকিরুল ইসলাম বাদী হয়ে দায়ের করা মামলায় ২০ জন, আলাউদ্দিনের মামলায় ২২ জন এবং বিশ্ববিদ্যালয় দোকান মালিক সমিতির সভাপতি আবু বকর সিদ্দিক বাদী হয়ে দায়ের করা মামলার এজাহারে ২৪ জনের নাম উল্লেখসহ দুই শতাধিক ব্যক্তিকে আসামি করা হয়েছে। বিশ্ববিদ্যালয় শিবিরের সভাপতি একটিতে এবং সাধারণ সম্পাদক দুইটিতে প্রধান আসামি। সোমবার সন্ধ্যা পর্যন্ত কেউ

রাবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## রাবি : মামলা

(শেষ পৃষ্ঠার পর)

গ্রেফতার হয়নি।

অপরদিকে ক্ষতিগ্রস্ত গ্রামবাসী দাগী শি ক্যাডারদের তালিকা তৈরি করছে। এ তালিকা জনসম্মুখে প্রকাশ করে তাদে বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দা করা হবে বলে জানা গেছে।